

নিয়োগ বিজ্ঞপ্তি

ভিলেজ এডুকেশন রিসোর্স সেন্টার (ভার্ক) জাতীয় পর্যায়ের একটি স্বেচ্ছাসেবী সংগঠন এবং মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) কর্তৃক নিবন্ধিত প্রতিষ্ঠান, যার সনদ নম্বর-০১২৭৫-০০৫২৩-০০০১৭। এছাড়াও সংস্থাটি এনজিও বিষয়ক ব্যুরো ও সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের অধিনে নিবন্ধিত প্রতিষ্ঠান। যার সনদ নাম্বার পর্যায়ক্রমে - ১৩৩ এবং চ-০২২৮২/৮৯। সংস্থার ঋণ কর্মসূচিতে জরুরী ভিত্তিতে সং, উদ্যোগী, পরিশ্রমী ও কর্মঠ জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত পদের জন্য আগ্রহী বাংলাদেশী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নাম : শাখা ব্যবস্থাপক

Vacancy : Undefined

Job Description/Responsibilities:

- শাখার সার্বিক মনিটরিং, তদারকি এবং শাখায় নিয়োজিত কর্মীর কাজ পরিদর্শন, প্রয়োজনীয় সহযোগিতা এবং পরামর্শ প্রদান এবং শাখা পর্যায় কোন সমস্যা দেখা দিলে তা সমাধানের লক্ষ্যে তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
- সাপ্তাহিক ও মাসিক সভা পরিচালনা ও প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা।
- কর্মসূচি বাস্তবায়নে বিভিন্ন প্রতিবেদন প্রস্তুতকরণ এবং তা যথাযথ কর্তৃপক্ষের বরাবর দাখিল করা।
- শাখার সম্পাদিত কাজের প্রতিবেদন সংরক্ষণ এবং তার প্রেক্ষিতে পূর্নাজ মাসিক প্রতিবেদন প্রস্তুত করণ এবং তা যথাযথ কর্তৃপক্ষ বরাবরে দাখিল করা।
- সাপ্তাহিক, মাসিক, বার্ষিক পরিকল্পনা প্রস্তুত ও বাস্তবায়ন এবং তা যথাযথ কর্তৃপক্ষ বরাবরে দাখিল করা।
- লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা।
- নিয়মিত সমিতি পরিদর্শন করা ও রেকর্ড সংরক্ষণ।
- ঋণ প্রস্তাব পূর্ববর্তী/পরবর্তী শতভাগ যাচাই-বাছাই নির্ভুলভাবে সম্পন্ন করে ঋণ অনুমোদন ও সুপারিশ করা।
- ঋণের কিস্তি আদায় ও বকেয়া রোধে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা।

Educational Requirements : যে কোন বিষয় স্নাতকোত্তর/ সমমানের ডিগ্রী।

Age : ৩০-৪০ (১২ জুলাই ২০২৫)

Additional Job Requirements :

- প্রার্থীকে ক্ষুদ্রঋণ কার্যক্রমে সমপর্যায় পদে কমপক্ষে ২-৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
- মোটর সাইকেলের বৈধ ড্রাইভিং লাইসেন্স, কম্পিউটারে দক্ষতা এবং রিপোর্ট লেখায় পারদর্শী হতে হবে।
- চূড়ান্তভাবে নির্বাচিতদেরকে যোগদানকালীন ১৫,০০০/- (পনের হাজার) টাকা ভার্ক প্রধান কার্যালয়ে জামানত হিসাবে জমা দিতে হবে, যা মুনফাসহ চূড়ান্ত হিসাব নিষ্পত্তিকালীন ফেরত প্রদান করা হবে।
- চূড়ান্তভাবে নির্বাচিতদেরকে সংস্থার শিশু সুরক্ষা নীতিমালা, প্রিভেনশন অফ সেক্সচুয়াল এক্সপ্লোয়েটেশন এন্ড এ্যাবিউস (পিএসইএ) নীতিমালা, জেভার নীতিমালা ও সংস্থার কোড অফ কন্ডাক্ট এর বিধি-বিধানের প্রতি ব্যক্তিগত ও কর্মজীবনে শ্রদ্ধাশীল, অনুসরণ এবং প্রতিপালন করতে হবে।
- উল্লেখিত পদে আবেদনের জন্য নারী এবং বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিরাও সমানভাবে যোগ্য।
- কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া আংশিক অথবা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। প্রাপ্ত আবেদন যাচাই বাছাই করে সংক্ষিপ্ত তালিকার প্রার্থীদের পরীক্ষায় অংশ গ্রহণের জন্য আহবান করা হবে।
- নোটঃ অধিকতর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স এবং শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

Salary Range : প্রথম তিনমাস শিক্ষানবীশ হিসেবে ৩০,০০০/- প্রদান করা হবে। পরবর্তীতে মূল্যায়নের ভিত্তিতে শাখা ব্যবস্থাপক হিসেবে নিয়োগ প্রদান করা হবে। তখন মাসিক বেতন ৩৪,১৯৮/- (টোত্রিশ হাজার একশত আটানব্বই) টাকা তবে সংস্থার নিয়মানুযায়ী যোগদানের ৬ মাস পর মহার্ঘ ভাতাসহ মোট ৩৭,১৯৮ (সাইত্রিশ হাজার একশত আটানব্বই) টাকা প্রদান করা হবে। উল্লেখ্য অধিকতর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বেতন আলোচনা সাপেক্ষ।

Others benefits : সংস্থার নিয়মানুযায়ী বার্ষিক ইনক্রিমেন্ট, মহার্ঘ ভাতা, পিএফ, উৎসব ভাতা, বৈশাখী ভাতা, মোবাইল বিল, স্টাফ কল্যান ও স্বাস্থ্য কল্যান তহবিল এর নীতিমালা অনুযায়ী নিজ ও পরিবারের সদস্যদের চিকিৎসা খরচ, সুদবিহীন হায়ার পারচেজে মোটরসাইকেলসহ রক্ষনাবেক্ষনের জন্য মাসিক ভাতা প্রদান করা হবে। এছাড়াও অন্যান্য সকল সুবিধাদি প্রদান করা হবে।

Apply Instruction

আগ্রহী প্রার্থীদের আগামী ১২ জুলাই ২০২৫ তারিখের মধ্যে আবেদনপত্রের সাথে জীবনবৃত্তান্ত (দুইজন ব্যক্তির রেফারেন্স), ২ কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, মার্কসীট ও জাতীয় পরিচয়পত্র, মোটরসাইকেল ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ নিম্ন ঠিকানায় পাঠাতে হবে। আবেদন পত্রে অবশ্যই মোবাইল নাম্বার ও খামের উপর পদের নাম লিখতে হবে। উল্লেখ্য যে, পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ,ডিএ দেওয়া হবে না। আবেদন পত্র পাঠাবার ঠিকানা : নির্বাহী পরিচালক, ভিলেজ এডুকেশন রিসোর্স সেন্টার (ভার্ক), বি-৩০, এখলাস উদ্দিন খান রোড, আনন্দপুর, সাভার, ঢাকা-১৩৪০।